চ্যান্সেলরের প্রবিধান

Department of Education

শ্রেণি:	**শিক্ষার্থী**	জারি: ৩/২২/২০১২	নম্বর: **A-665**
বিষয়:	ইউনিফর্ম নীতি		পৃষ্ঠা: 1 Of 1

পরিবর্তনের সংক্ষিপ্তসার

এই প্রবিধান ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ঐচ্ছিক ইউনিফর্ম নীতি বাস্তবায়ন এবং ১১ সেপ্টেম্বর ২০০৮ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-665: বাধ্যতামূলক ইউনিফর্ম নীতি রদ করে।

পরিবর্তনসমূহ:

- এই প্রবিধান সম্পর্কিত যোগাযোগ দফতরের নাম অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি (“OFEA”) থেকে ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (“FACE”)-এ পরিবর্তিত হয়েছে।

সারাংশ

এই প্রবিধান সকল শিক্ষার্থীর জন্য একটি ঐচ্ছিক ইউনিফর্ম নীতি বাস্তবায়ন এবং উক্ত নীতি প্রতিষ্ঠার পদ্ধতি নির্ধারণ করে।

এই ঐচ্ছিক নীতি একটি আরও ফলপ্রসূ শিক্ষণ পরিবেশ লালন; শিক্ষার্থী কর্মসম্পাদনা উন্নতকরণ; আত্মমর্যাদাবোধ লালন; তকমা প্রতিযোগিতা অপসারণ; পিতামাতাদের জন্য সাজপোশাক সহজীকরণ এবং ব্যয় সংকোচন; ছেলেমেয়েদেরকে তাদের "কর্ম" স্থলের জন্য যথাযথ পোশাক ও রীতিনীতি শিক্ষাদান; এবং শিক্ষার্থী আচরণ ও শৃঙ্খলা উন্নতকরণে সহায়তার উদ্দেশ্যে স্কুলগুলোকে সাহায্য করার লক্ষ্যে প্রণীত হয়েছে।

I. পোশাকের সংজ্ঞা

A. একটি ইউনিফরম হতে পারে:

1. একটি অভিন্ন রং ও স্টাইল স্কিম; যেমন, যেকোন স্থান থেকে খরিদ করা শাদা বাটন-ডাউন শার্ট অথবা টার্টলনেক শার্ট এবং কালো অথবা নেভি প্যান্ট অথবা স্কার্ট; অথবা

2. একটি প্রস্তুতকৃত আনুষ্ঠানিক এবং সনাতন ইউনিফর্ম, যেমন স্কুলের লোগোযুক্ত জাম্পার, প্যান্ট, প্লেইড আউটফিট, শার্ট, সোয়েটার ইত্যাদি। এ ধরনের পোশাক সাধারণত কোন একটি ভেন্ডর অথবা ইউনিফর্ম সরবরাহকারী স্থানীয় দোকান থেকে খরিদ করা হয়; অথবা

3. এই দুটি পদ্ধতির মিশ্রণ; যেমন, একটি অভিন্ন কালার স্কিম (উদাহরণত, হলুদ টপস এবং কালো বটমস) পাশাপাশি স্কুলের লোগোযুক্ত সোয়েটার অথবা জ্যাকেট।

B. এমন কোন স্বাস্থ্য বা সুরক্ষা ঝুঁকি সৃষ্টি করে যা শিক্ষা প্রক্রিয়ার জন্য ক্ষতিকর এ ধরনের পোশাক ইউনিফর্ম হতে পারবে না।

C. স্কুল কোন মেয়েকে স্কার্ট পরিধানে বাধ্য করতে পারবে না। মেয়েদেরকে প্যান্ট পরিধানের সুযোগ সব স্কুলকেই দিতে হবে।

D. টেকসই, সহজে যত্ন নেয়া যায় এবং সুলভ এমন ইউনিফর্ম নির্বাচনে সর্বাত্মক প্রচেষ্টাগ্রিহণ করতে হবে।

II. বাস্তবায়ন

A. ইউনিফর্ম নীতি স্কুলগুলোকে আলাদাভাবে নিজেদের ইউনিফরমের বাধ্যবাধকতা চালু করার ক্ষমতা দেয়।

B. ইউনিফর্মের বাধ্যবাধকতা চালু করা প্রত্যেক স্কুলকে নিম্নবর্ণিত পদ্ধতি অবশ্যই অনুসরণ করতে হবে।

III. ইউনিফর্ম নীতি গ্রহণ

A. পিতামাতাদের সঙ্গে পরামর্শ[1]

1. ইউনিফরমের বাধ্যবাধকতা চালু করা হবে কিনা নির্ধারণের আগে, স্কুল নেতৃত্বকে অবশ্যই স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন (পিএ) অথবা প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশনের (পিটিএ) সঙ্গে পরামর্শ করতে হবে।

2. এই লক্ষ্যে, প্রত্যেক স্কুল লিডারশিপ দলকে পিতামাতা, শিক্ষক, শিক্ষার্থী এবং পরিচালকদের জন্য পিএ/পিটিএ-কে সঙ্গে কমপক্ষে একটি ওপেন ফোরাম অনুষ্ঠান করতে হবে। বৈঠকের কমপক্ষে দশ ক্যালেনডার দিবস আগে যথাযথ লিখিত নোটিস দিতে হবে এবং পিতামাতা, শিক্ষক, শিক্ষার্থী এবং পরিচালকদের অংশগ্রহণের জন্য বৈঠকটি সুবিধাজনক একটি সময়ে অনুষ্ঠান করতে হবে।

3. উপরে উল্লিখিত ফোরামের বাইরে, স্কুল নেতৃত্ব দল সিদ্ধান্তগ্রহণের আগে মতামত জানার জন্য অন্যান্য পরামর্শ পদ্ধতি (যেমন, পিতামাতা সমীক্ষা, স্কুল নিউজলেটার, ইত্যাদি) ব্যবহার করতে পারে।

4. পরামর্শের উদ্দেশ্য হচ্ছে নিচের বিষয়গুলো সম্পর্কে পিতামাতা, কর্মচারী এবং শিক্ষকদের অভিমত জানা:

a. স্কুলের একটি ইউনিফর্মের বাধ্যবাধকতা চালু করা উচিত হবে কিনা;

b. যদি স্কুল ইউনিফের্মের বাধ্যবাধকতা চালু করে তাহলে সেই ইউনিফর্ম কেমন হবে; এবং

c. যদি স্কুল ইউনিফের্মের বাধ্যবাধকতা চালু করে তাহলে যেদিন কোন শিক্ষার্থী ইউনিফর্ম পরিধান করে আসতে ব্যর্থ হবে সেদিন তাদের জন্য সাময়িক ইউনির্ঠরমের ব্যবস্থা থাকবে কিনা।

---

[1] "পিতামাতা" কথাটি এই প্রবিধানে যেখানেই ব্যবহৃত হয়েছে সেখানেই শিক্ষার্থীর পিতামাতা অথবা পিতামাতার দায়িত্বপ্রাপ্ত বা হেফাজতপ্রাপ্ত ব্যক্তি(বর্গ) বা এজেন্সি অথবা পিতামাতা কর্তৃক নিয়োগপ্রাপ্ত স্থানীয় অভিভাবককে বোঝাবে।

5. এই পরামর্শে প্রাপ্ত মতামতের ভিত্তিতে পিএ/পিটিএ স্কুল লিডারশিপ দল স্কুলের কাছে সুপারিশ করবে।

B. স্কুল লিডারশিপ দল

1. স্কুল নেতৃত্ব দল যদি ইউনিফর্ম চালুর পক্ষে ভোট দেয় তাহলে স্কুল নেতৃত্ব দলকে অবশ্যই নির্ধারণ করতে হবে:

a. ইউনিফর্ম কী হবে (দ্রষ্টব্য Section I), এবং

b. যদি স্কুল ইউনিফের্মের বাধ্যবাধকতা চালু করে তাহলে যেদিন কোন শিক্ষার্থী ইউনিফর্ম পরিধান করে আসতে ব্যর্থ হবে সেদিন তাদের জন্য সাময়িক ইউনির্ঠরমের ব্যবস্থা থাকবে কিনা।

2. স্কুল নেতৃত্ব দল ভোটের মাধ্যমে একটি ইউনিফর্ম নীতি চালু করার সিদ্ধান্তগ্রহণ করার পর এই নীতি বলবত্ থাকবে স্কুল লিডারশিপ টিম ("এসএলটি") ইউনিফর্ম নীতি বাতিল করা অবধি।

3. একটি স্কুল নেতৃত্ব দল প্রতিষ্ঠার আগে, নির্দিষ্ট স্কুলভিত্তিক পরিকল্পন দল এর পরিবর্তে ভেঅট দিতে পারে। যদি একটি স্কুলের স্কুল পরিকল্পন দল না থাকে, তাহলে পিতামাতা, শিক্ষক এবং পরিচালকদের সমবায়ে গঠিত স্কুলের অপর কোন দল ভোট দিতে পারে।

IV. <u>ইউনিফরম খরিদ</u>

A. পিএ/পিটিএ কোন ইউনিফর্ম ভেন্ডর থেকে পিএপিটিএ-র পক্ষে কোন ধরনের উপহার যাচ্ঞা করতে বা গ্রহণ করতে পারবে না। তবে এটি স্কুলে ইউনিফর্ম দান করার ব্যাপারে ভেন্ডরের সঙ্গে পিএপিটিএ-র রফা দরকষাকষি বন্ধ করে না।

B. নির্দিষ্ট পিএপিটিএ নির্বাহী বোর্ড সদস্যগণ পিতামাতাদের কাছে ইউনিফর্ম খরিদের জন্য কোন ভেন্ডরের নাম সুপারিশের বিনময়ে উক্ত ভেন্ডর থেকে তাদের ব্যক্তিগত ব্যবহারের জন্য ইউনিফর্ম, অর্থ কিংবা অন্যান্য সামগ্রী উপহার হিসাবে যাচ্ঞা করতে পারবেন না। তবে এজন পিতামাতাকে একটি নির্দিষ্ট পরিমাণের পোশাক খরিদে উৎসাহিত করার লক্ষ্যে ভেন্ডর একটি ইউনিফর্ম বিনামূল্যে দিতে চাইলে তা গ্রহণে উক্ত পিতামাতার কোন বাধা নেই।

C. স্কুল বা পিএ/পিটিএ-র জন্য অর্থসংগ্রহের উদ্দেশ্যে ইউনিফর্ম বিক্রি করা যাবে না।

D. ইউনিফরম খরিদ করার জন্য স্কুল কর্মকর্তারা পিতামাতাদের কাছ থেকে অর্থ সংগ্রহ করবেন না।

E. স্কুল লিডারশিপের সঙ্গে পরামর্শক্রমে পিএ/পিটিএ পিতামাতাদের হয়ে ইউন্রিফর্ম খরিদের জন্য পিতামাতাদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারে।

F. স্কুল কর্মকর্তা এবং পিএ/পিটিএগুলো শিক্ষার্থী/পিতামাতাদের নাম ও ঠিকানা ভেন্ডরদের জোগান নিষেধ।

V. <u>রেহাই নিশ্চিতকরণে পিতামাতার অধিকার</u>

কোন স্কুল যদি ইউনিফরমের বাধ্যবাধকতা চালু করে, তাহলে একজন শিক্ষার্থীর পিতামাতার অধিকার আছে এই নীতি থেকে রেহাই লাভের। হোই লাভে শিক্ষার্থীর পিতামাতাকে অবশ্যই নিচের কাজগুলো করতে হবে:

A. একটি এক্সেমশন ফরম (সংযুক্তি ১) পূরণ করে স্কুলের প্রিন্সিপলের কাছে ফেরত এবং যথোপযুক্ত ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট অথবা বরো ডিরেক্টরের কাছে একটি কপি পাঠান;

B. নির্ধারিত স্কুরের একজন কর্মকর্তার সঙ্গে বৈঠক যিনি পিতামাতার কাছে স্কুলের ইউনিফর্ম থাকার কারণ এবং সুবিধাগুলো ব্যাখ্যা করবেন; এবং

C. শিক্ষার্থী প্রিন্সিপ্যাল কর্তৃক নির্ধাররিত যথোপযুক্ত পোশাক পরিধান করবে এই মর্মে সম্মত হবে; অর্থাত্ এমন পোশাক যেটি স্বাস্থ্য ও সুরক্ষা ঝুঁকি বহন করে না এবং শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত টায় না।

VI. <u>নোটিস</u>

A. যদি স্কুল নেতৃত্ব দল িএকটি ইউনিফর্মের বাধ্যবাধকতার পক্ষে ভোট দেয়, তাহলে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে পিতামাতা. কর্মকর্তা এবং শিক্ষার্থীরা ইউনিফর্ম নীতির নোটিস পেয়েছেন। এ ধরনের নোটিস অবশ্যই প্রতি বছর দিতে হবে।

B. নোটিসে অবশ্যই থাকতে হবে:

1. ইউনিফর্মের বর্ণনা এবং/অথবা সংযুক্ত ছবি এবং ইউনিফর্ম নীতির উদ্দেশ্য, প্রত্যাশা ও সুবিধাদির ব্যাখ্যা;

2. পোশাকের প্রতিটি সামগ্রীর মূল্যসীমা;

3. পিতামাতাদের পরামর্শ দেয়া যে তাদেরকে অবশ্যই ইউনিফর্ম সরাসরি খরিদ করতে হবে এবং নির্দিষ্ট ধরনের পোশাক নির্ধারিত হয়ে থাকলে তা কোথায় থেকে খরিদ করা যাবে; তবে, পিতামাতাদের জানাতে হবে তারা তাদের পছন্দের যেকোন ভেন্ডর/দোকান থেকে খরিদ করতে পারেন যদি তা ইউনিফর্মের বাধ্যবাধকতা পূরণ করে;**
4. পিতামাতাদেরকে তাদের রেহাই লাভের অধিকার জানাতে হবে;
5. পিতামাতাদের জানাতে হবে তাদের যদি ইউনিফরম খরিদের সামর্থ্য না থাকে তাহলে তারা স্কুলে প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে পারেন। আর্থিক সহায়তালাভেিএলিমেন্টারি ও মিডল স্কুলের পিতামাতারা ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট এবং/অথবা বরো ডিরেক্টরের সঙ্গে যোগাযোগ করতে পারেন। (এধরনের সব যোগাযোগ গোপন রাখতে হবে); এবং
6. ইউনিফর্মের বাধ্যবাধকতা পূরণে ব্যর্থতা সিটিব্যাপী শৃঙ্খলা বিধি মোতাবেক শাস্তি আরোপের কারণ হবে কিনা (শুধুমাত্র যেসব শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে যাদের পিতামাতা রেহাই গ্রহণ করেননি)।

VII. <u>শৃঙ্খলা</u>

A. ইউনিফর্মের বাধ্যবাধকতা চালুকারী সকল স্কুল সেসব শিক্ষার্থীকে ইউনিফর্মের নীতি পূর্ণমাত্রায় পালনে উৎসাহী করার জন্য প্রণোদনা এবং ইতিবাচক মজবুতি পদক্ষেপ বাস্তবায়ন করবে যাদের পিতামাতা রেহাই সবিধা গ্রহণ করেননি।

B. সেসব শিক্ষার্থী ডিপার্টমেন্ট অভ এডুকেশনের শৃঙ্খলা বিধি অনুসারে শাস্তির সম্মুখীন হবে যাদের পিতামাতা স্কুল থেকে ইউনিফর্মের বাধ্যবাধকতা সংক্রান্ত নোটিস লাভের ৩০ দিনের মধ্যে রেহাই সুবিধা গ্রহণ করেননি। শাস্তিমূলক ব্যবস্থা শৃঙ্খলা বিধিতে উল্লিখিত শাস্তির বিধানের বেশি হতে পারবে না।

C. ইউনিফর্ম নীতি অনুসরণ না করার কারণে শিক্ষার্থীদের ক্লাস বা স্কুল থেকে সাময়িক বহিষ্কার বা অপসারণ করা যাবে না; ইউনিফর্ম আনার জন্য বাড়িতে পাঠান যাবে না; অপেক্ষাকৃত নিচু মানের অ্যাকাডেমিক গ্রেড বা অপর কোন অ্যাকাডেমিক শাস্তি দেয়া যাবে না; অথবা স্কুলের কিংবা পাঠক্রম-বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত রাখা যাবে না।

D. শিক্ষার্থীর পিতামাতা যদি ইউনিফর্ম নীতি থেকে রেহাই গ্রহণ করে থাকেন তাহলে শিক্ষার্থীকে ঐচ্ছিক ইউনিফর্ম নীতির বরখেলাপকারী বিবেচনা করা যাবে না।

VIII. <u>ইউনিফরম খরিদে সামর্থ্যহীন পরিবারদের সহায়তাদান</u>

A. আর্থিক অনটনের কারণে কোন ছেলেমেয়েকে ইউনিফর্ম বঞ্চিত করা যাবে না। ইউনিফর্ম খরিদে অসামর্থ্যর প্রমাণ দেয়া পরিবারগুলোর জন্য ইউনিফর্ম সংগ্রহের উদ্দেশ্যে প্রত্যেক স্কুলের অবশ্যই ব্যবস্থা থাকতে হবে।

B. প্রত্যেক স্কুল একজন কর্মচারীকে আর্থিক সহায়তার অনুরোধ সমন্বয়ের দায়িত্ব দেবে।

C. স্কুলগুলো সম্পর্কিত ভেন্ডর অথবা স্থানীয় দোকান থেকে ইউনিফর্ম অনুদান লাভের চেষ্টা করবে।

D. স্কুলগুলো একটি "সংগ্রহ" কর্মসূচি প্রণয়ন করবে যার আওতায় শিক্ষার্থীরা তাদের ছোট হয়ে যাওয়া বা গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের প্রয়োজন না হওয়া ইউনিফর্ম স্কুল সংগ্রহ করবে।

E. স্কুল কর্মচারীরা পরিবারগুলোকে সহায়তা করার জন্য অর্থায়নের বিকল্প উপায় নিশ্চিত এবং সহায়সঙ্গতি শনাক্ত করার লক্ষ্যে স্থানীয় কম্যুনিটি এবং ব্যবসা সহযোগীদের সাথে একযোগে কাজ করবে।

F. ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট আর্থিক সহায়তালাভে কেন্দ্রীয় কারিগরি সহায়তা ও সাহায্য জোগাবে।

G. পরিবারগুলো থেকে আর্থিক সহায়তালাভের অনুরোধ দ্রুততা এবং গোপনীয়তার সঙ্গে নিষ্পন্ন করা হবে।

H. পিতামাতাদেরকে ইউনিফর্ম খরিদে নগদ বা অন্য কোন ধরনের আর্থিক সহায়তা প্রদান করা যাবে না।

IX. <u>ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট এর সমর্থন</u>

এই নীতি বিষয়ে যেসব পিতামাতা, শিক্ষক এবং শিক্ষার্থীর প্রশ্ন রয়েছে তাদেরকে তাদের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালের সঙ্গে কথা বলতে হবে। প্রিন্সিপ্যাল এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরেরা তাদের প্রশ্নগুলো ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট এবং/অথবা বরো ডিরেক্টর বরাবর পাঠিয়ে দিতে পারেন। উপর্যুক্ত পর্যায়ে উত্তর না পাওয়া প্রশ্নগুলো ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট বরাবর পাঠান যেতে পারে।

স্কুলে ওপেন ফোরামে ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের বক্তব্য প্রদান অথবা প্যারেন্ট কোঅর্ডিনেরদের প্রশিক্ষণের জন্য অনুরোধ 212-374-2323 নম্বরে ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্টের স্পেশাল সার্ভিসেস ডিরেক্টর বরাবর করা যাবে।

** স্কুল নির্দিষ্ট করে ইউনিফর্ম ভেন্ডর নিয়োগ করতে পারবে না।

X. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

ফোন : 212 -374- 2323	*Division of Family and Community Engagement* New York City Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	ফ্যাক্স : 212- 374 -0076